

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৩৮/২০১৬

অভিযোগকারী : জনাব নূরুন নাহার বেগম  
পিতা-শহীদ মুক্তিযোদ্ধা  
অধ্যাপক এস.এম. নুরুল হুদা মিয়া  
ঠিকানা-এ/১, পল্টন বিলাস  
৭২, পুরান পল্টন লাইন  
ঢাকা- ১০০০ ।

প্রতিপক্ষ : জনাব মোঃ আশরাফ হোসেন  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
জাতীয় গৃহসংস্থান কর্তৃপক্ষ  
সেগুন বাগিচা, ঢাকা-১০০০ ।

## সিদ্ধান্তপত্র

(তারিখ : ২০-০৪-২০১৬ ইং)

অভিযোগকারী ০৫-১১-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ আশরাফ হোসেন, পরিচালক (প্রশাসন ও অর্থ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জাতীয় গৃহসংস্থান কর্তৃপক্ষ, সেগুন বাগিচা, ঢাকা-১০০০ বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

বিষয়ঃ মিরপুর থানার অন্তর্গত পর্বতা মৌজার ৪৩৬/৪২১/৪২২/৪১৪ ও ৪৯৯ নং দাগের ৪.২৬০৯ একর জমির সীমানা নির্ধারণ প্রসংগে ।

- উপর্যুক্ত বিষয়ে ভূমি হুকুম দখল অফিসার, ভূমি হুকুম দখল বিভাগ, শাখা-৮, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা কর্তৃক স্মারক নং- ১৪০(স্ব)/এল.এ.শ-৮/৯৪, তারিখঃ ৮/৯/৯৪ ইং মাধ্যমে প্রধান প্রকৌশল, গৃহসংস্থান কর্তৃপক্ষ, সেগুন বাগিচা, ঢাকা বরাবরে প্রেরিত পত্রের কপি । এবং
- উক্ত পত্রের সূত্রে উপর্যুক্ত বিষয়ে ভূমি হুকুম দখল অফিসার, ভূমি হুকুম দখল বিভাগ, শাখা-৮, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা বরাবরে গৃহসংস্থান কর্তৃপক্ষ, সেগুন বাগিচা, ঢাকা এর তৎকালীন প্রধান প্রকৌশলী জনাব মনসুর আহমেদ কর্তৃক গত ২৯/৯/১৯৯৪ তারিখে স্মারক নং-৫/৮২(৩য় খন্ড)/৪৩১৩/প্রপ্রপৃঃ, তারিখঃ ২৯/৯/১৯৯৪ ইং, মোতাবেক বাংলা ১৪/৬/১৪০১ পত্রের কপি ।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৫-১২-২০১৫ তারিখে জনাব শেখ রফিকুল ইসলাম, সদস্য(প্রশাসন) ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), জাতীয় গৃহসংস্থান কর্তৃপক্ষ, সেগুন বাগিচা, ঢাকা- ১০০০ বরাবরে আপীল আবেদন করেন । আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০২-০২-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন ।

৩। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২৮-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয় ।

৪। শুনানীর ধার্য তারিখে উভয়পক্ষ হাজির । অধিকতর শুনানীর জন্য ২০-০৪-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয় ।

২। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির । অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন । তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন । আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন ।

৩। প্রতিপক্ষ জনাব মোঃ আশরাফ হোসেন, পরিচালক (প্রশাসন ও অর্থ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জাতীয় গৃহসংস্থান কর্তৃপক্ষ, সেগুন বাগিচা, ঢাকা-১০০০, তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর চাহিত তথ্য জাতীয় গৃহসংস্থান কর্তৃপক্ষের প্রধান এবং আঞ্চলিক কার্যালয়ে (মিরপুর অফিস) সংরক্ষিত নেই বিধায় অভিযোগকারীকে প্রদান করা সম্ভব নয় মর্মে তথ্য কমিশনকে অবহিত করেন।

### পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও সংশ্লিষ্ট নথি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, যেহেতু চাহিত তথ্য জাতীয় গৃহসংস্থান কর্তৃপক্ষের প্রধান এবং আঞ্চলিক কার্যালয়ে (মিরপুর অফিস) সংরক্ষিত নেই সেহেতু অভিযোগকারীকে তার চাহিত তথ্য প্রদান করা সম্ভব নয় বিধায় অভিযোগটি খারিজযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১। অভিযোগকারীর প্রার্থিত তথ্য তথা সংশ্লিষ্ট ০৮.০৯.৯৪ তারিখের স্মারক নং অফিসে সংরক্ষিত না থাকায়, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহ করা সম্ভব নয় বিধায় অভিযোগটি খারিজ করা হলো এবং জনাব মোঃ আশরাফ হোসেন, পরিচালক (প্রশাসন ও অর্থ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জাতীয় গৃহসংস্থান কর্তৃপক্ষ, সেগুন বাগিচা, ঢাকা-১০০০ ঢাকা কে অভিযোগের দায় থেকে অব্যাহতি দেয়া হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার

[বে.স]